



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২১ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের পক্ষে জননেতা সাবেক মন্ত্রী মরহুম এম এ মান্নানের কবর জেয়ারতে প্যানেল মেয়র ও কাউন্সিলরবৃন্দ

চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাবেক সভাপতি, জননেতা ও মন্ত্রী মরহুম এম এ মান্নানের ৮ম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে ২১ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. সকালে দামপাড়াস্থ মরহুমের কবরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীনের পক্ষে জেয়ারত ও পুষ্পমাল্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করা হয়। প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর তারেক সোলায়মান সেলিম, মো. গিয়াস উদ্দিন, হাসান মুরাদ বিপ্লব, এস এম এরশাদুল্লাহ ও চসিক জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম মেয়রের পক্ষে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২১ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের সাথে জাইকার প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত

সিটি গর্ভনেত্র প্রজেক্টের আওতায় চলমান অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম এবং সিডিএ'র জলাবদ্ধতা নিরসন প্রকল্প সংক্রান্ত বিষয়ে ২১ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, দুপুরে মেয়রের বাসভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে জাইকার প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে চট্টগ্রাম ওয়াসা প্রণীত ড্রেনেজ মাস্টারপ্ল্যান এবং সিডিএ প্রণীত জলাবদ্ধতা নিরসন প্রকল্প সংক্রান্ত বিষয়ে মতবিনিময় করেন। জাইকা চট্টগ্রাম নগরীতে অবকাঠামো উন্নয়ন ছাড়াও সিডিএ'র প্রকল্পের আওতাবহির্ভূত ড্রেনেজ মাস্টারপ্ল্যানের কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতায় প্রস্তুত আছেন বলে মেয়রকে অবহিত করেন। এসময় জাইকা'র রিপ্রেজেন্টেটিভ Koichi Kitamura, কান্ডি প্রোগ্রাম কো-অর্ডিনেটর Naoki Matsumura, প্রোগ্রাম ম্যানেজার মো. আনিসুজ্জামান চৌধুরী, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী মো. রফিকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী সুদীপ বসাক সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২১ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের সাথে বাংলাদেশে নিযুক্ত থাইল্যান্ডের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাত

২১ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, দুপুরে মেয়রের বাসভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে বাংলাদেশে নিযুক্ত থাইল্যান্ডের রাষ্ট্রদূত H.E.Miss Panpimon Suwannapongse সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে তারা উভয় দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় ছাড়াও বিনিয়োগ এবং ব্যবসা বাণিজ্য প্রসারের বিষয়ে আলোচনা করেন। এ সময় থাইল্যান্ডের রাষ্ট্রদূত আবর্জনা থেকে দৈনিক ৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের মাঝারী প্রকল্প চট্টগ্রামে স্থাপনের আগ্রহ প্রকাশ করেন। সৌজন্য বৈঠকে মেয়র আ জ ম নাছির উদ্দীন পাহাড়ের ক্ষয়রোধে পাহাড়ের উপর বিশেষ ধরনের গাছের আচ্ছাদন দেয়ার লক্ষ্যে থাইল্যান্ডের সহযোগিতা কামনা করেন। এসময় মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নানামুখি সেবাধর্মী কার্যক্রমের তথ্য রাষ্ট্রদূতকে অবহিত করেন। তিনি বলেন, নগরবাসীর স্বাস্থ্যসেবা ঘরে ঘরে পৌঁছে দিচ্ছে চট্টগ্রাম সিটিকর্পোরেশন। এছাড়াও শিক্ষার আলোতে আলোকিত করার লক্ষ্যে প্রায় শতাধিক শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করছে। বিশ্বমানের নগর গড়ার লক্ষ্যে পরিবেশ উন্নয়ন ও সবুজায়ন কার্যক্রমকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রাধান্য দিচ্ছে। মেয়র আশা করেন থাইল্যান্ডের মত বাংলাদেশের বন্ধুপ্রতিম সকল রাষ্ট্র বাংলাদেশের উন্নয়নে সহযোগিতা অব্যাহত রাখবে। এসময় থাইল্যান্ড দূতবাসের সেকেন্ড সেক্রেটারী Miss Kalthira

Koompirochana, Miss Kalthira Koompirochana, পিএইচ পি ফ্যামেলির ভাইস চেয়ারম্যান মো. মহসিন, মেয়রের একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম ও জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা